গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

নং-২০.০০.০০০০.৩২৮.৩৯.০০৪.২২-৭৮৩

তারিখ: ২১ ভাদ্র ১৪২৯
০৫ সেপ্টেম্বর ২০২২

**বিষয়:** এপিএ টিমের ১ম সভার নির্দেশনা বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পরিকল্পনা বিভাগের এপিএ টিমের ১ম পর্যালোচনা সভা গত ২৯/০৮/২০২২ তারিখে অনুষ্ঠিত হয় (কপি সংযুক্ত)। সভায় প্রদত্ত নির্দেশনা ও আলোচনা মোতাবেক এপিএ ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনায় কোন সংশোধনী প্রয়োজন হলে যৌক্তিকতা সহকারে আগামী ১৫/৯/২০২২ তারিখের মধ্যে এ শাখাকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনামতে

০৫/৯/2022

**(মোঃ রফিকুল ইসলাম)**
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯১৮০৭৯২
ro.pms@plandiv.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা
২। যুগ্মপ্রধান সমন্বয় (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা
৩। যুগ্মপ্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৪। উপসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৬। সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা
৭। বাজেট অফিসার, বাজেট শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা
২। যুগ্মসচিব (বাজেট ও এপিএ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৩। সংশ্লিষ্ট নথি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

**২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি টিমের ১ম সভার কার্যবিবরণী।**

সভার তারিখঃ ২৯ আগষ্ট, ২০২২ খ্রি:
সময়ঃ বেলা- ১০.৩০ ঘটিকা
সভার স্থানঃ সম্মেলন কক্ষ (কক্ষ নং ০৩, ভবন নং ১০), পরিকল্পনা বিভাগ
সভাপতিঃ জনাব মোঃ খোরশেদ আলম
যুগ্মসচিব (বাজেট ও এপিএ)
ও
এপিএ টিম লিডার, পরিকল্পনা বিভাগ

***সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'***

সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সিনিয়র সহকারী সচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ সভায় উপস্থাপন করেন। তিনি জানান বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ অনুযায়ী এপিএ এর কৌশলগত উদ্দেশ্যের ৪টি কার্যক্রমের আওতায় ২৭টি কর্মসম্পাদন সূচক রয়েছে। যার মোট মান ৭০। এছাড়াও আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের আওতায় ৫টি কর্মপরিকল্পনা রয়েছে যার মান সর্বমোট ১৭৫। উল্লেখ্য, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে পুরোপরি বাস্তবায়ন করলে উক্ত ১৭৫ নম্বর প্রাপ্তি সাপেক্ষে এপিএ-তে ৩০ নম্বর যোগ হবে।

২.০০ সিনিয়র সহকারী সচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা) সভাকে আরও অবহিত করেন যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচক মোতাবেক কোন কার্য সম্পাদিত হওয়া মাত্রই উহার একটি কপি প্রমানক হিসাবে এপিএ শাখায় প্রেরণ করতে হবে। এপিএ সংশ্লিষ্ট সকল শাখা/অধিশাখার সাথে এ মাসে যে সকল সূচকের কার্যক্রম নির্ধারিত তা যথাসময়ে সম্পন্ন করার উপর গুরুত্ব দেয়া প্রয়োজন।

৩.০০ উপসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপন অধিশাখা) সভাকে অবহিত করেন যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর যে সকল সূচক তারিখ নির্ভর সে সকল সূচক বাস্তবায়নে অর্থবছরের শুরু থেকে গুরুত্ব দেওয়া প্রয়োজন। তিনি কর্মসম্পাদন সূচক ১.২ অনুসারে 'পিএমও, জাতীয় সংসদ ও অন্যান্য মন্ত্রণালয় কর্তৃক চাহিত তথ্যাবলি স্মার্ট কোয়ারি (Smart Query) সফটওয়্যার এর মাধ্যমে প্রস্তুতকরণ' কার্যক্রমটি এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ-কে যথাসময়ে সম্পাদনের অনুরোধ জানান।

৪.০০ সভাপতি সকল শাখা/অধিশাখার প্রতিনিধিদের অবহিত করেন যে, এপিএ বাস্তবায়নের জন্য নিজ নিজ অংশের সংশ্লিষ্ট সূচকসমূহ বাস্তবায়নের জন্য এখনই উদ্যোগ গ্রহণ করতে হবে। যদি কোন সংশোধনী থাকে তবে আগামী ১৫/৯/২০২২ তারিখের মধ্যে যৌক্তিকতা সহকারে প্রস্তাব করতে হবে। গত অর্থবছরে যে সকল সূচকে শতভাগ মান অর্জন হয়নি সে সকল সূচক সংশ্লিষ্ট কার্যক্রমে গতিশীলতা আনতে পরিকল্পনা কমিশনের সকল বিভাগ, পরিকল্পনা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থাকে উদ্যোগী হতে হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

৫.০০ **সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:**

৫.১ পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের এপিএ সংশ্লিষ্ট শাখা/অধিশাখা কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর ১ম ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন আগামী ৩০/৯/২০২২ তারিখের মধ্যে প্রমাণকসহ প্রেরণ করতে হবে;

৫.২ পিএমও, জাতীয় সংসদ ও অন্যান্য মন্ত্রণালয় কর্তৃক চাহিত তথ্যাবলি স্মার্ট কোয়ারি (Smart Query) সফটওয়্যার এর মাধ্যমে প্রেরণ করতে হবে;

৫.৩ ২০২২-২৩ অর্থবছরে এপিএ'র সকল সূচকের মান ১০০% অর্জনের নিমিত্ত প্রমাণক সংরক্ষণে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬.০০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
৩০/০৮/২০২২
(মোঃ খোরশেদ আলম)
যুগ্মসচিব (বাজেট ও এপিএ)
ও
এপিএ টিম লিডার
পরিকল্পনা বিভাগ

নং-২০.০০.০০০০.৩২৮.৩১.০০১.২২.৭৮২

তারিখ: ২১ ভাদ্র ১৪২৯ / ০৫ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্মসচিব (বাজেট ও এপিএ), পরিকল্পনা বিভাগ, ঢাকা
২। যুগ্মপ্রধান সমন্বয় (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা
৩। যুগ্মপ্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৪। উপসচিব (সাধারণ অধিশাখা/এসএসআরসি/বাজেট/এপিএ/পিটি ও পরিকল্পনা), পরিকল্পনা বিভাগ, ঢাকা
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৬। সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা
৭। বাজেট অফিসার, বাজেট শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা
২। প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা। **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
৩। যুগ্মসচিব (বাজেট ও এপিএ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৪। সংশ্লিষ্ট নথি

০৫/০৯/২০২২

(মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯১৮০৭৯২
ro.pms@plandiv.gov.bd

E:\APA\Minutes\29.08.22.doc